

জীবনের হালখাতা

ভজন সরকার

দুচোখ যাকে স্বপ্ন দেখে
কিংবা যে চোখ স্বপ্ন দেখায়
যে মুখখানি স্বপ্নে আঁকি
কিংবা যে মুখ স্বপ্ন আঁকায় ; দুটোই বাকি ।

যে হাত ধরে দীর্ঘ চলা
কিংবা যে হাত হাতছানি দেয়
যে পথ গেছে পথের ওপার
কিংবা যে পথ পথেই হারায়; দুটোই বাকি ।

যাদের খুঁজি দীর্ঘ সময়
কিংবা যারা নিখোঁজ আজো
যে সুর থাকে প্রাণের ভেতর
কিংবা যে সুর বেসুর বাজো; দুটোই বাকি ।

যা পেয়েছি ভেবেই আকুল
পাই নি যা তা দীর্ঘ আরো
নিজের করে যা ভেবেছি
কিংবা যা তা অন্য কারো; দুটোই বাকি ।

যে রাত গেছে ভোরের পথে
কিংবা যে রাত নিকষ কালো
যে দিন হারায় রাতের কালোয়
কিংবা যে দিন ছড়ায় আলো; দুটোই বাকি ।

তবে কী এই জীবন খানি
বুলছে বিশাল বাকির চূড়ায়?
প্রাপ্তি যা তা তুচ্ছ এতো
নিমেষ গেলেই শূন্যে হারায় ?

॥ নভেম্বর ১৪, ২০০৮, হ্যামিলটন, কানাডা ॥

